দৈনিক বাংলা

তারিখ ... ৪/৫/৭৯ ...
পৃষ্ঠা ... ১ কলাম ২ ...

124

# শাহজাদপুরে রবীন্দ্র স্মৃতি মিলনায়তন হচ্ছে

(নিজস্ব প্রতিনিধি)

পাবনা, ৭ই মে।—শাহজাদপুর কুঠিবাড়িতে রবীন্দ্র স্মৃতি মিলনায়তন নির্মাণের কাজ শুরু হয়েছে। এই মিলনায়তনটি নির্মাণের জন্য প্রেসিডেন্ট জিয়াউর রহমান পাঁচ লাখ টাকা দিয়েছেন। এর থেকে এক লাখ টাকা এরই মধ্যে স্থানীয় কর্মকর্তাদের হাতে অর্পণ করা হয়েছে।

কুঠিবাড়ির আঙ্গিনায় এই মিলনায়তনটির কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিরাজগঞ্জ মহকুমা প্রশাসককে সভাপতি ও শাহজাদপুরের জনাব আবু জাহিদ শালুকে সম্পাদক করে একটি রবীন্দ্র স্মৃতি মিলনায়তন বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে। কমিটির সম্পাদক জানান যে এই মিলনায়তনটি নির্মাণের জন্য স্থানীয়ভাবেও দু'লাখ টাকা সংগ্রহ করা হচ্ছে।

এই প্রতিনিধির সঙ্গে গতকাল কুঠিবাড়িতে এক সাক্ষাৎকারে সম্পাদক জানান, শাহজাদপুর কুঠিবাড়িতে 'পুথিস পাঠ' নামক কবিগুরুর একটি নিজস্ব পাঠাগার ছিল যার অস্তিত্ব '৭১-এর যুদ্ধে সম্পূর্ণ বিলুপ্ত হয়ে গেছে। এই পাঠাগারটি আবার চালু করার একটি পরিকল্পনাও এবার নেয়া হয়েছে। পাঠাগার থেকে হারিয়ে যাওয়া কবিগুরুর অনেক মূল্যবান গ্রন্থও ইতিমধ্যেই সংগ্রহ করা হয়েছে। এছাড়া কুঠিবাড়িতে 'এডওয়ার্ড লাইব্রেরী' নামে আরেকটি পাঠাগার ছিল যেখানে কবিগুরু প্রায়ই বসতেন সেটাও এই সঙ্গে আবার চালু করা হবে।